

ঢাকা আন্তর্জাতিক বইমেলা শুরু ১২ ডিসেম্বর

■ সমকাল প্রতিবেদক

'চেতনার আগরণে বই' শ্লোগান নিয়ে শুরু হচ্ছে ঢাকা আন্তর্জাতিক বইমেলা ২০১৩। জাতীয় গ্রন্থকেন্দ্র আয়োজিত এই বইমেলায় দেশ ও দেশের বাইরের প্রায় ২৫০টি প্রকাশনা প্রতিষ্ঠান অংশ নেবে। রাজধানীর সোহরাওয়ার্দী উদ্যানে আয়োজিত ১০ দিনের এই মেলা শুরু হবে ১২ ডিসেম্বর। চলবে ২১ ডিসেম্বর পর্যন্ত। এইদিন মেলা উদ্বোধন করবেন রাষ্ট্রপতি আবদুল হামিদ আডভোকেট। পতকাল সোমবার জাতীয় গ্রন্থকেন্দ্রে বিভিন্ন দৈনিক পত্রিকার সাংস্কৃতিক প্রতিবেদকদের সঙ্গে মতবিনিময়কালে এসব কথা জানান জাতীয় গ্রন্থকেন্দ্রের পরিচালক কবি অসীম সাহা। এ সময় উপস্থিত ছিলেন জাতীয় গ্রন্থকেন্দ্রের উপ-পরিচালক মানিক মাহমুদ, প্রকাশক খন্দকার মনিরুল ইসলাম প্রমুখ। মতবিনিময় সভায় অংশ নেন সমকালের এসএম দুর্গা, জোরের কাগজের কিংগার কুমার, কালের কন্ঠের নওশাদ আমিন, জনকন্ঠের মনোয়ার হোসেন, বর্তমানের দীপন নন্দী, বাংলাদেশ প্রতিদিনের মোস্তফা বতিহার প্রমুখ।